



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতার উদ্বোধন

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) শরীরচর্চা শিক্ষা বিভাগের উদ্যোগে আন্তঃবিভাগ ফুটবল প্রতিযোগিতা ২০২৪-২৫ এর উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (১১ নভেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় খেলার মাঠে উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক প্রধান অতিথি হিসেবে এ প্রতিযোগিতার উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন ইনস্টিটিউট অব ইনফরমেশন সায়েন্সেস (আইআইএস) ও রিসার্চ সেলের পরিচালক অধ্যাপক ড. মুহাম্মদ শফিকুল ইসলাম ও প্রক্টর এ. এফ. এম আরিফুর রহমান।

শরীরচর্চা শিক্ষা বিভাগের পরিচালক (ভারপ্রাপ্ত) ড. মোহাম্মদ আমজাদ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন ছাত্র পরামর্শ ও নির্দেশনা বিভাগের পরিচালক জনাব মোহাম্মদ নিজাম উদ্দিন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট ড. আবিদুর রহমান সহ শিক্ষক-শিক্ষার্থী, কর্মকর্তা-কর্মচারী ও খেলোয়াড়বৃন্দ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন শরীরচর্চা শিক্ষা বিভাগের উপ-পরিচালক সঞ্জীব কুমার দে এবং মাহমুদুর রহমান।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪